

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বন সংরক্ষকের কার্যালয়
বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

Bangabandhu Award for Wildlife Conservation-2024

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্যপ্রাণী সংরক্ষণ কার্যক্রমে নিয়োজিত বন্যপ্রাণী সংরক্ষণবাদী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে উৎসাহিত করার লক্ষ্যে সরকার “Bangabandhu Award for Wildlife Conservation” প্রবর্তন করেছেন। ২০১২ সালে জারিকৃত নীতিমালা অনুযায়ী বিগত বছরের ন্যায় এ বছরও নিম্নোক্ত ০৩ (তিনটি) ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হবেঃ

শ্রেণী	পুরস্কারের ক্যাটাগরি	বিবেচ্য বিষয়
ক	বন ও বন্যপ্রাণী সংরক্ষণ কাজে নিয়োজিত কর্মকর্তা, খ্যাতিমান গবেষক, বিজ্ঞানী, বন্যপ্রাণী সংরক্ষণবাদী ব্যক্তি ও গণমাধ্যম কর্মী/ব্যক্তিত্ব	বন্যপ্রাণী সংরক্ষণ বিষয়ক শিক্ষা, গবেষণা ও নিবন্ধন প্রকাশ এবং মাঠ পর্যায়ে অবদান। বন্যপ্রাণীর আবাসস্থল উন্নয়ন ও সংরক্ষণে অবদান। বন্যপ্রাণী সংক্রান্ত অপরাধ দমন এবং মানুষ-বন্যপ্রাণী দ্বন্দ্ব নিরসনে অবদান।
খ	বন্যপ্রাণী বিষয়ক শিক্ষা ও গবেষণা	বিরল ও বিলুপ্তপ্রায় বন্যপ্রাণী সংরক্ষণ ও ক্যাপটিভ ব্রিডিং কর্মসূচীতে অবদান। বন্যপ্রাণী সংরক্ষণে গণসচেতনতা সৃষ্টিতে অবদান।
গ	বন্যপ্রাণী সংরক্ষণে নিবেদিত প্রতিষ্ঠান	

পুরস্কারঃ প্রত্যেক ব্যক্তি/প্রতিষ্ঠানকে ২ ভরি ওজনের স্বর্ণপদক, ০১ টি সনদপত্র ও ৫০,০০০/- টাকা প্রদান করা হবে।

আবেদনপত্র দাখিল করার পদ্ধতিঃ বাংলাদেশের যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান উপরে বর্ণিত ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। প্রতিটি আবেদনে ০৩ (তিন) কপি জীবন বৃত্তান্তসহ নিম্নবর্ণিত তথ্য সংযুক্তি হিসেবে দাখিল করতে হবে।

১। ব্যক্তি বা প্রতিষ্ঠানের নাম ও পূর্ণ ঠিকানা, ২। কাজের অধিক্ষেত্র, ৩। ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কাজের বিবরণ (প্রমাণকসহ) এবং ৪। বাস্তবায়িত কার্যক্রমের প্রেক্ষিতে বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণে প্রাপ্ত বা ঈঙ্গিত ফলাফলের বিবরণ।

আবেদনকারীকে আগামী ২৪/০২/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে ক্যাটাগরি উল্লেখপূর্বক সংযুক্তিসহ স্বাক্ষরিত আবেদনপত্র বন সংরক্ষক, বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, বন ভবন, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবরে সফটকপি ও হার্ডকপি দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


২৪ জানুয়ারি ২০২৪

(ইমরান আহমেদ)

বন সংরক্ষক

বন্যপ্রাণী ও প্রকৃতি সংরক্ষণ অঞ্চল, ঢাকা।

ফোনঃ ০২-৫৫০০৭১১১

E-mail: cf-wildlife@bforest.gov.bd

Rs 28/02/24